

ঢাকার সবুজবাগ থানাধীন মাদারটেক থেকে ০২টি পিস্তল, ০৭ রাউন্ড তাজা গুলি, ০১টি চাইনিজ কুড়াল, ০২টি ম্যাগজিন, ০৩টি ধারালো অস্ত্র এবং ৪০ পিস ইয়াবাসহ দুই জন আটক



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি বিশেষ স্কোয়াড গোপন সংবাদের ভিত্তিতে (স্বশস্ত্র পুলিশসহ) অদ্য ০৫/১১/১৪ খ্রিঃ তারিখ ১৪.০০ঃ - ১৮.০০ ঃ পর্যন্ত অবৈধ মাদক উদ্ধারের নিমিত্ত একটি অভিযান চালায়। অভিযান চলাকালে উক্ত ফ্লাটে বসবাসকারী মোঃ সাইদুজ্জামান পাঠান @ ডিস সাইদুল (৪১) তার ঘরের

দরজা খুলতে অস্বীকৃতি জানায়। প্রায় ঘন্টাব্যাপী বিভিন্নভাবে দরজা খোলার চেষ্টা করা সত্ত্বেও দরজা না খোলায় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী উপস্থিত সাক্ষীর সম্মুখে বিধি মোতাবেক দরজা ভেংগে ঘরের ভিতরে প্রবেশ করে তল্লাশী করা হয়। তল্লাশী কালে দু'টি অবৈধ পিস্তল, ০৭ রাউন্ড তাজা গুলি, ০২টি ম্যাগজিন, ০১টি চাইনিজ কুড়াল, ৩টি অন্যান্য ধারালো অস্ত্র এবং ৪০ পিস ইয়াবা উদ্ধার ও জব্দ করা হয়। এবং অবৈধ উক্ত মাদক ও অবৈধ অস্ত্র রাখার দায়ে আসামী মোঃ সাইদুজ্জামান পাঠান @ ডিস সাইদুল (৪১) কে গ্রেফতার করা হয়। এ সময় সরকারী কাজে জোরালোভাবে বাধা প্রদানের জন্য উক্ত আসামীর বড় ভাই জনাব মোঃ কামরুজ্জামান @ কামরুল (৪৩) কে গ্রেফতার করা হয়।

পরবর্তীতে অত্র গোয়েন্দা অঞ্চলের উপ পরিদর্শক জনাব সুমনুর রহমান বাদী হয়ে আসামী মোঃ সাইদুজ্জামান পাঠান @ ডিস সাইদুল (৪১) এর বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন এর সংশ্লিষ্ট ধারায় এবং অবৈধ অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারায় পৃথক দুটি মামলা এবং অপর আসামী মোঃ কামরুজ্জামান @ কামরুল (৪৩) কে সরকারী কাজে বাধা দেয়ার দায়ে আরেকটি মামলা করা হয়।

(মোঃজাফরুল্লাহ কাজল)
উপ পরিচালক (গোয়েন্দা)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,
মোবা:০১৭১১৩৩৫৯১১